সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/০৭ তারিখঃ ২৪ জানুয়ারী, ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় ঃ গ্রাহক সেবা সহজিকরণের লক্ষ্যে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের সকল রাজস্ব (ফিস, ভ্যাট ও স্ট্যাম্প ডিউটি) এ-চালানে প্রদান করা প্রসঙ্গে।

সূত্রঃ যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের স্মারক নম্বর: ২৬.০৬.০০০০.০০২.০১.০৭২.১৯.৩১ তারিখঃ ১৫/০১/২০২৬

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি) সূত্রোক্ত পরিপত্র মারফত অবগত করেছে যে, তাদের দাপ্তরিক সকল ফিস, ভ্যাট ও স্ট্যাম্প ডিউটি শুধুমাত্র তাদের (আরজেএসসি'র) অনলাইন সিস্টেমে নির্ধারিত পদ্ধতি'তে এ-চালানে জমা প্রদান করতে হবে।

উল্লেখ্য, ৩১/০১/২০২৬ইং তারিখের পরে তারা নির্ধারিত ব্যাংক, বিকাশ, নগদ এবং পেমেন্ট গেটওয়ে ইত্যাদি কোন মাধ্যমে রাজস্ব গ্রহণ করবে না।

প্রয়োজনীয় কার্যার্থে আরজেএসসি'র উক্ত পরিপত্র'টি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

২৪/১/২৬

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে।


BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org
CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**
**প্রশাসন- ২ শাখা**
টিসিবি ভবন (৭ম তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা।
www.roc.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৬.০০০০.০০২.০১.০৭২.১৯. ৩২

তারিখ: ১লা মাঘ, ১৪৩২
১৫ জানুয়ারি - ২০২৬

**পরিপত্র**

**বিষয়: গ্রাহকসেবা সহজিকরণের লক্ষ্যে এ পরিদপ্তরের সকল রাজস্ব (ফিস, ভ্যাট ও স্ট্যাম্প ডিউটি) এ-চালানে প্রদান সংক্রান্ত।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, গ্রাহকসেবা সহজিকরণের লক্ষ্যে সরকারী সিদ্ধান্ত অনুযায়ী এ পরিদপ্তরের সরকারী সকল রাজস্ব (ফিস, ভ্যাট ও স্ট্যাম্প ডিউটি) এ-চালানের মাধ্যমে সরাসরি ট্রেজারিতে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

০২। এতদউদ্দেশ্যে এ পরিদপ্তরের সকল ফিস, ভ্যাট ও স্ট্যাম্প ডিউটি শুধুমাত্র আরজেএসসি'র অনলাইন সিস্টেমের নির্ধারিত পদ্ধতিতে এ-চালানে জমা প্রদান করতে হবে।

০৩। বিদ্যমান পদ্ধতিতে ফিস প্রদানের জন্য নির্ধারিত ব্যাংক, বিকাশ, নগদ এবং পেমেন্ট গেটওয়ের মাধ্যমে রাজস্ব গ্রহণের ব্যবস্থা আগামী ৩১.০১.২০২৬ তারিখ পর্যন্ত বহাল থাকবে। উক্ত তারিখের পরে এ সকল মাধ্যমে কোন রাজস্ব গ্রহণ করা হবে না।

০৪। উল্লেখ্য, রিটার্ন দাখিলের ক্ষেত্রে রাজস্ব প্রদানের দিনই উক্ত রিটার্নের হার্ডকপি আরজেএসসি'র কাউন্টারে দাখিল করতে হবে। অন্যথায় আইন অনুযায়ী উক্ত রিটার্নের রাজস্ব বৃদ্ধি বা পরিবর্তন হলে এ পরিদপ্তর কর্তৃক হার্ডকপি গ্রহণ করা সম্ভব হবে না।

০৫। এ-চালানে রাজস্ব জমা প্রদান সংক্রান্ত গাইডলাইন এ পরিদপ্তরের ওয়েবসাইট (www.roc.gov.bd) এ পাওয়া যাবে।

০৬। ইহা অবিলম্বে কার্যকর হবে।

১৫/০১/২০২৬

এ. কে. এম. নুরুন্নবী কবির
নিবন্ধক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮ ০২ ৫৫০১৩৭৭৬
registrar@roc.gov.bd

বিতরণঃ অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ই-৬/বি আগারগাও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
৩. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ. আ. উপসচিব, বাজেট অধিশাখা]।
৪. সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ. আ. সিনিয়র সহকারী সচিব, এনটিআর-২]।
৫. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, মোনেম বিজনেস ডিস্ট্রিক্ট, ১১১ বীর উত্তম সি.আর.দত্ত রোড, ঢাকা।
৬. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বেপজা কমপ্লেক্স, বাড়ি#১৯/ডি, রোড#৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫।
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাও, শেরেবাংলা নগর, ঢাকা।
৮. মহাপরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সিস্টেম এনালিস্ট, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. কমিশনার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), আইডিইবি ভবন, ৪র্থ ও ৫ম তলা, ১৬০/এ কাকরাইল ঢাকা-১০০০ [দৃ. আ. রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, কারওয়ান বাজার সার্কেল]।

F:\পরিপত্র\১৬। পরিপত্র_১২.০১.২০২৬.doc

CamScanner